

জাতীয়

আশুলিয়ায় লরিতে থাকা গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে নারী নিহত, আহত ১৭



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৫৫ PM



ঢাকার আশুলিয়ায় পোশাক কারখানার সামনে লরিতে থাকা গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে অগ্নিকাণ্ডে এক নারী পথচারী নিহত হয়েছেন। এ ঘটনায় অন্তত ১৭ জন আহত হন।

আজ রোববার সন্ধ্যা পৌনে ৭টার দিকে উপজেলার জামগড়া চৌরাস্তায় প্রীতি গ্রুপের এফ অ্যান্ড এফ কারখানায় এ ঘটনা ঘটে। এতে কারখানাটির কম্পাউন্ডে থাকা অন্তত ৫-৬টি কাভার্ড ভ্যানও পুড়ে গেছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস।

নিহত মোছাম্মত জয়নব বেগম (৫৫) গাজীপুরের কাশিমপুরের ইসরকান্দি এলাকার মো. আলীর স্ত্রী।

আশুলিয়া শিল্প পুলিশ-১ এর পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মমিনুল ইসলাম ভূইয়া বলেন, বিস্ফোরণের সময় এক পথচারী নারী মারা গেছেন।

জামগড়ায় দর্জির দোকানে কাজ করেন নিহত জয়নবের মেয়ে সানজিদা আক্তার।

সানজিদা জানান, ঘটনার সময় তিনি দোকানের ভেতর কাজ করছিলেন। বাইরে দাঁড়িয়ে ছিলেন তার মা। হঠাৎ বিকট শব্দে একটি সিলিন্ডার এসে মায়ের মাথায় আঘাত করে। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এ ঘটনায় আমার ছেলেও আহত হয়েছে। তাকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে, বলেন সানজিদা।

স্থানীয় নারী ও শিশু হাসপাতালের সিনিয়র ম্যানেজার (অপারেশন) হারুন অর রশীদ বলেন, অগ্নিকাণ্ডের ঘটনায় এ পর্যন্ত আহত ১৪ জনকে আমাদের হাসপাতালে আনা হয়েছে। ৪ থেকে ৫ জন রোগীর অবস্থা গুরুতর হওয়ায় তাদের ঢাকা মেডিকেলের বার্ন ইউনিটে পাঠানো হয়েছে।

ফায়ার সার্ভিস ঢাকা জোন-৪ এর উপ-সহকারী পরিচালক হাফিজুর রহমান বলেন, প্রীতি গ্রুপের কারখানাটিতে সন্ধ্যা পৌনে ৭টায় আগুন লাগার খবর পেয়ে ডিইপিজেড ও জিরাবো ফায়ার সার্ভিসের মোট ৪টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করে। রাত ৮টা ৩ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে।

কারখানার সামনে রাখা গ্যাস সিলিন্ডার বহনকারী বিশেষ লরিতে থাকা সিলিন্ডার বিস্ফোরণে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করছি, বলেন হাফিজুর।

প্রীতি গ্রুপের এফ অ্যান্ড এফ কারখানার অ্যাডমিন ম্যানেজার হেমায়েত উদ্দিন জানান, কারখানার সীমানা ঘেরা প্রাচীরের কোণায় আগুন লাগার ঘটনা ঘটে। ভেতরে কোনো শ্রমিক আটকে নেই।

এ বিভাগের আরও খবর



শিশুদের শৈশব হতে হবে নিরাপদ ও সুরক্ষিত: ডা. জুবাইদা রহমান
জিয়াউর রহমান ফাউন্ডেশনের ডাইরেক্টর জেনারেল ডা. জুবাইদা রহমান বলেছেন, শিশুদের শৈশব হতে হবে নিরাপদ। তাদের ভবিষ্যৎ হতে হবে সুরক্ষিত। তবেই ন...



বাংলাদেশে গাড়ি উৎপাদন কারখানা স্থাপন করতে চায় টয়োটা
টয়োটা ভূশো করপোরেশনের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বে একটি উচ্চপর্ষায়ের প্রতিনিধিদল প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক...



জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী
জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (৬ অক্টোবর) বিক...



ফ্যামিলি কার্ডে সমন্বয় হলে দারিদ্র্যমুক্ত হতে পারে সাড়ে ২৮ লাখ মানুষ: বিশ্বব্যাংক
একাধিক বাদ্যভিত্তিক তথ্যকি কর্মসূচি একীভূত করে ফ্যামিলি কার্ডের সঙ্গে বিদ্যমান নগদ সহায়তা কর্মসূচির আরও কার্যকর সমন্বয় করা গেলে অতিরিক্ত ২৮...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/ashuliya-lrite-thaka-gjas-silindar-bisforne-nari-niht-aht-17>